

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা-১০০০

www.bb.org.bd

১২ শ্রাবণ ১৪২৪

সার্কুলার পত্র নং-এফইপিডি(আমদানি নীতি)১১৭/২০১৭-১২

তারিখঃ

২৭ জুলাই ২০১৭

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংক
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস।

প্রিয় মহোদয়গণ,

বৈদেশিক মুদ্রায় অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাংক ঋণপত্র স্থাপন ও পরিশোধ কার্যক্রম প্রসঙ্গে

গাইডলাইস ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজেকশন-২০০৯, ভলিউম-১ এর ৭ অধ্যায়ের ৩৭ অনুচ্ছেদ, ৩ অধ্যায়ের ৩(সি) অনুচ্ছেদ এবং এতদবিষয়ে পরবর্তীতে জারিকৃত সার্কুলারে [১২/১২/২০১০ তারিখের সার্কুলার পত্র নম্বর-এফইপিডি(আমদানি নীতি)১২৫/২০১০-১৬৯৩, ০৭/০৩/২০১৬ তারিখের সার্কুলার পত্র নম্বর-এফইপিডি(আমদানি নীতি)১২৩/২০১৬-০৪] বৈদেশিক মুদ্রায় অভ্যন্তরীণ ঋণপত্র স্থাপন ও বৈদেশিক মুদ্রায় পরিশোধ নিশ্চিত করার বিষয়ে জ্ঞাপিত নির্দেশনার প্রতি অনুমোদিত ডিলারদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উল্লিখিত গাইডলাইস/সার্কুলারের নির্দেশনা মোতাবেক বন্ডেড ওয়্যারহাউজ সুবিধার আওতায় পরিচালিত শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠানের মাস্টার এলসি'র বিপরীতে স্থানীয় উৎপাদনকারী তথা সরবরাহকারী (manufacturer-cum-supplier) এর অনুকূলে এডি ব্যাংক কর্তৃক বৈদেশিক মুদ্রায় অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাংক এলসি স্থাপন করার প্রাধিকার রয়েছে। পক্ষান্তরে, বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্সের আওতায় পরিচালিত প্যাকেজিং শিল্প-কারখানা ও হ্যাঙ্গার এবং প্লাস্টিকজাত পণ্য উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলোর অনুকূলে শুধুমাত্র কার্টন ও এক্সেসরিজ পণ্য সংগ্রহের জন্য প্রত্যক্ষ রপ্তানিকারক (বন্ড লাইসেন্সবিহীন) কর্তৃক বৈদেশিক মুদ্রায় ইউজ্যাস/সাইট এলসি(চুক্তি/অগ্রিম মূল্য প্রাপ্তির ক্ষেত্রে) স্থাপন করার জন্য অনুমোদিত ডিলার ব্যাংককে প্রাধিকার দেয়া হয়েছে।

০৩। উপরোক্ত ২ ক্রমিকে উল্লিখিত লেনদেনের বিপরীতে বৈদেশিক মুদ্রায় পরিশোধ কার্যক্রম বাংলাদেশ ব্যাংকে রক্ষিত সংশ্লিষ্ট ব্যাংকের এফসি ক্রিয়ারিং হিসাবের মাধ্যমে নিষ্পত্তিযোগ্য হবে। বর্তমানে বর্ণিত নির্দেশনাগুলো কিছু কিছু ক্ষেত্রে যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না মর্মে পরিলক্ষিত হচ্ছে।

০৪। এক্ষেত্রে, এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, শতভাগ রপ্তানিমুখী প্রতিষ্ঠান/প্রত্যক্ষ রপ্তানিকারক প্রতিষ্ঠানের পক্ষে শুধুমাত্র উপরোল্লিখিত লেনদেনের ক্ষেত্রে উৎপাদনকারী তথা সরবরাহকারী (manufacturer-cum-supplier) এর অনুকূলে বৈদেশিক মুদ্রায় অভ্যন্তরীণ ঋণপত্র স্থাপন ও বৈদেশিক মুদ্রায় পরিশোধ নিশ্চিত করতে হবে। স্থানীয় সরবরাহকারীর (Trader/Supplier) নিকট হতে উপকরণাদি সংগ্রহের ক্ষেত্রে বৈদেশিক মুদ্রার পরিবর্তে স্থানীয় মুদ্রায় ঋণপত্র ব্যবহার প্রযোজ্য হবে।

সংশ্লিষ্ট সকল পক্ষকে এতদমর্মে অবহিত করার জন্য এবং নির্দেশনার যথাযথ পরিপালন নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ আব্দুল মান্নান)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০৩১৯